639.

I - 727/2011

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये

ONE THOUSAND RUPEES

रु.1000

Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

D 960554

Certified that the Endorsement sheet / sheets and Signature sheet/ sheets attached to this Document are part of the Document itself.

Addl. Dist. Sub-Registrar
Bolpur, Birbhum

04 FEB 2011

দানপত্র তাইন- ৩০,০০০ টাকা

জেলা - বীরভূম, থানা - বোলপুর.

মৌজা - বোলপুর

জে.এল. নম্বর - ৯৯

দানকৃত পরিমান - ০.২৭৭ শতক।

দানপত্র গ্রহীতাঃ- শ্রী **ধরণীধর লায়েক** পিতা স্বর্গীয় হৃষিকেশ লায়েক
জাতি - ভারতীয়, ধর্ম্ম - হিন্দু, পেশা - অবসরপ্রাপ্ত অধ্যাপক
সাকিম - বোলপুর মধ্যে মিশন কম্পাউন্ড, পোষ্ট, থানা ও
মহকুমা - বোলপুর, জেলা - বীরভূম।

Addl. Dist. Sub-Registrar
Bolpur, Birbhum

04 FEB 2011

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये

रु.1000

ONE THOUSAND RUPEES

Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

D 960553



দানপত্র দাত্রীঃ- **শ্রীমতী ইতি আশ,** স্বামী শ্রী কর্ণ আশ

জাতি - ভারতীয়, ধর্ম্ম - হিন্দু, পেশা - গৃহস্থালী

সাকিম - দুর্গাপুর, 'বি' জোন বিদ্যাপতি কোয়ার্টার

নং ১৮/৩১, দুর্গাপুর-৫, পোঃ ও থানা - দুর্গাপুর,

জেলা - বর্দ্ধমান।

*কস্য শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগেঃ-*

জেলা বীরভূম, থানা বোলপুর অন্তর্গত, মৌজা বোলপুর এর সীমানায় খ্যাত মিশন কম্পাউন্ড মহল্লায় সি. এস. ১১৭৫ দাগের ভূমি পূর্বে বোলপুর নিবাসিনী রেনুকা সিংহের (স্বামী শ্রী সুধীর সিংহ) স্বত্বীয় দখলী সম্পত্তি ছিল। উক্ত রেনুকা সিংহ একটি রেজিষ্ট্রীযুক্ত বন্দোবস্ত দলিলমূলে উহা আদিনাথ ভাদুড়ী ও তৎপত্নী স্মৃতি ভাদুড়ীকে বন্দোবস্ত করিয়া ছিলেন।

তৎপর উক্ত আদিনাথ ভাদুড়ী দিগর উহাদের বন্দোবস্তকৃত ভূমি প্রাচীর দ্বারা ঘেরাবেড়া করতঃ সন ১৯৪২ সাল হইতে উহা অশেষ বিশেষ প্রকারে স্বত্ববান ও দখলীকার ছিলেন। তৎপর বোলপুর মৌজার রিভিশ্যানাল সেটেলমেন্ট রেকর্ডে সি.এস. ১১৭৫ দাগের ভূমি পৃথক বাটা দাগ হইয়া ১১৭৫/২৯৬০ দাগে আদিনাথ ভাদুড়ী মহাশয়ের নামে লিপিবদ্ধ হইয়াছে।

তৎপর উক্ত আদিনাথ ভাদুড়ী দিগর ব্যক্তিগন বিগত সন ১৯৭০ সালের ১লা অক্টোবর তারিখে সম্পাদিত ও কলিকাতার রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত একখন্ড খোসকোবালা দলিলমূলে উহা বোলপুর থানার গোয়ালপাড়া গ্রাম নিবাসী শ্রী অনিল কুমার বন্দ্যোপাধ্যায় মহাশয়কে বিক্রয় করিয়া তাহাতে নিঃস্বত্ব হইয়াছিলেন।

তৎপর উক্ত অনিল কুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় ১১৭৫/২৯৬০ দাগের সম্পত্তিতে স্বত্ববান ও দখলীকার থাকিয়া বিগত ইংরাজী ১৪।০৬।১৯৭২ তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত একখন্ড খোসকোবালা দলিলমূলে উহা কিঙ্কর চন্দ্র লায়েক, ধরনীধর লায়েক, ভূধর চন্দ্র লায়েক, মহাদেব চন্দ্র লায়েক ও বংশীধর লায়েক মহাশয়গনকে বিক্রয় করিয়া তাহাতে নিঃস্বত্ব হইয়াছিলেন। উক্ত দলিল বোলপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১৯৭২ সালের ৬৮৬২ নং কোবালা দলিল হইতেছে।

তৎপর উক্ত ভূধর চন্দ্র লায়েক ও বংশীধর লায়েক বোলপুর শহরে বসবাসের অনিচ্ছা প্রকাশ করায় এবং তাহাদের শ্রদ্ধেয় জ্যেষ্ঠ ভ্রাতা ধরনীধর লায়েকের বসবাসের সুবিধার্থে উল্লিখিত সম্পত্তির নিজেদের অংশের ১/৫ অংশ করিয়া (১/৫ + ১/৫ = ২/৫ অংশ) দানপত্র দলিলমূলে শ্রী ধরনীধর লায়েককে দানপত্র করিয়া শ্রী ভূধর চন্দ্র লায়েক ও শ্রী বংশীধর লায়েক উক্ত সম্পত্তিতে নিঃস্বত্ব হইয়াছেন। উক্ত দানপত্র দলিল বোলপুর সাবরেজিষ্ট্রী অফিসের ২০০৫ সালের ৬ই জুলাই সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত ২০০৫ সালের ৩৮১২ নং দানপত্র দলিল হইতেছে।

পৃ-৪

নীচের তপশীল লিখিত দাগের সম্পত্তির অপর শরিক শ্রী কিংকর চন্দ্র লায়েক, পিতা স্বর্গীয় হৃষিকেশ লায়েক, সাকিম খাজুরী, পোঃ - খাজুরী, থানা কুন্ডহিত, জেলা জামতাড়া, প্রদেশ - ঝাড়খন্ড পরলোকগমন করিলে তাহার স্ত্রী সুনীতা লায়েক, এক পুত্র জীবন লায়েক ও চার কন্যা যথা অনিতা গন, আন্না ভুঁই, পপিতা হালদার ও ইতি আশ(অত্র দলিলের দাত্রী) হিন্দু উত্তরাধিকার আইনের বিধান অনুসারে তাহার ওয়ারিশ বিধায় নীচের তপশীল লিখিত দাগের সমগ্র সম্পত্তিতে তাহার স্বত্বীয় ১/৫ অংশ প্রত্যেকে সম অংশে অর্থাৎ প্রত্যেকে ১/৫ X ১/৬ অর্থাৎ ১/৩০ অংশ করিয়া প্রাপ্ত হয়েন।

এমতে অত্র দলিলের দাত্রী আমি নীচের তপশীলে লিখিত সম্পত্তি পিতার ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া উহাতে অদ্যাবধি অপরের বিনা বাধায় ও বিনা সংশ্রবে বিবিধপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে স্বত্ববতী ও ভোগদখলকারিনী রহিয়াছি।

আপনি শ্রী ধরনীধর লায়েক আমার পরম শ্রদ্ধেয় ও প্রণম্য বড় কাকা হইতেছেন। আপনার তত্বাবধানে, একনিষ্ঠ প্রচেষ্টায় ও আপনার নিজস্ব উপার্জিত আর্থিক মূল্যে তপশীলোক্ত সম্পত্তি শ্রী অনিল কুমার বন্দ্যোপাধ্যায়ের নিকট হইতে আপনি খরিদ করিয়াছেন। আপনার ঐকান্তিক ইচ্ছা, অক্লান্ত পরিশ্রম ও স্বোপার্জিত অর্থে ঐ তপশীলোক্ত বাস্তু ভূমিতে একটি অর্দ্ধ সমাপ্ত দ্বিতল বাড়ী নির্মিত হইয়াছে। বর্তমানে যার অবস্হা ভগ্ন প্রায়। এই ভগ্ন প্রায় বাড়ী ও তৎসংলগ্ন ফাঁকা ভূমি ও গাছ গাছালির স্বত্ববতী হইয়া এজমালে দখলিকার আছি। এক্ষনে আমি শ্রীমতী ইতি আশ (লায়েক) বিবাহের পর স্বামী শ্রী কর্ণ আশ ও পুত্র - কন্যা সহ স্বামীর বাড়ী দুর্গাপুরে সুখে ও পরম শান্তিতে বসবাস করিতেছি এবং বোলপুর শহরে কোন দিনই আমার পক্ষে বসবাস করা সম্ভব পর নয় বিবেচিত হওয়ায় এবং আপনি আমার পরম শ্রদ্ধেয় ও প্রণম্য বড় কাকা হওয়ায় তপশীল বর্ণিত সম্পত্তি আপনি পাইলে আপনার পক্ষে বোলপুরে বসবাস করা সুবিধাজনক হইবে। এইপ্রকার বিবেচনায় তথা স্বাভাবিক শ্রদ্ধা, স্নেহ ও ভালবাসা বশতঃ নীচের তপশীলে লিখিত সম্পত্তি আপনাকে এই দানপত্র দলিলমূলে দান করিয়া তাহাতে নিঃস্বত্ত্ব হইলাম।

পৃ-৫

আপনি অদ্যকার তারিখ হইতে তপশীলে লিখিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক হইয়া উহা দান, বিক্রয়, লীজ, মর্টগেজ, বিনিময় ইত্যাদি বিবিধপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে উহা পুত্র পৌত্র মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে যদিচ্ছা চিরকাল পরমসুখে ভোগদখল করিতে থাকুন তাহাতে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগন কস্মিনকালেও কোনপ্রকার বাধাদান, ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবে না কি করিলেও তাহা আইনতঃ গ্রাহ্য হইবে না।

আপনাকে দানকৃত তপশীল লিখিত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে। উহা ইতিপূর্বে কোথাও কোনপ্রকার হস্তান্তরাদি বা দায়গ্রস্থাদি করা নাই। সম্পূর্ন মুক্ত অবস্থায় তপশীল লিখিত সম্পত্তি আপনাকে দান করিলাম। আপনি অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তির খাজনা সরকারী সেরেস্তায় ও পৌরকর পৌরসভা অফিসে যথারীতি আদায় দিবেন এবং ইচ্ছা করিলে উহা নিজ নামে পৃথক জমা ও হোল্ডিং পত্তন ও রেকর্ডাদি করিয়া লইতে পারিবেন তাহাতে আমার সকলপ্রকার সম্মতি দেওয়া থাকিল এবং ভবিষ্যতে কোন পৃথক সম্মতি দিবার আবশ্যকতা ঘটিলে তাহাও দিতে বাধ্য রহিলাম।

অত্র দলিলের গ্রহীতা ও দাত্রীর ছবি (ফটো) ও দশ আঙ্গুলের টিপছাপ পৃথক পৃষ্ঠায় দেওয়া হইল। উহা অত্র দলিলের একাংশ হিসাবে গন্য হইবে।

এতদর্থে সুস্থচিত্তে সরল অন্তঃকরনে অন্যের বিনা অনুরোধে স্ব-ইচ্ছায় স্ব-জ্ঞানে সুস্থশরীরে অত্র দলিলের মর্ম্ম সবিশেষভাবে অবগত হইয়া নিম্নের সাক্ষীগন সম্মুখে ৩০,০০০(ত্রিশ হাজার) টাকার তাইনে আপনার অনুকূলে এই দানপত্র দলিল সম্পাদন করিয়া দিলাম। ইতি সন বাংলার ১৪১৭ সালের ২০শে মাঘ, ইংরাজী - ০৪।০২।২০১১(চার।দুই।দুইহাজার এগারো) খ্রীষ্টাব্দ।

তপশীলঃ-

জেলা - বীরভূম, থানা, মহকুমা ও এ.ডি.এস.আর. অফিস - বোলপুর, মৌজা - **বোলপুর**, জে.এল.নং ৯৯, আর.এস. খতিয়ান নম্বর - **৪৬১৬ (চার হাজার ছয় শত ষোল)**।

আর.এস.দাগ নম্বর - **১১৭৫/২৯৬০(এগারো শত পঁচাত্তর/উনত্রিশ শত ষাট)**, এল. আর. দাগ নম্বর - **১৯৭৬(উনিশ শত ছিয়াত্তর)**, শ্রেনী - বাড়ী, পরিমান - মোট ভূমির পরিমান ৩৬২১ (ছত্রিশ শত একুশ) বর্গফুট বা ০৫(পাঁচ) কাঠা ২১(একুশ) বর্গফুট বা ৮.৩১(আট দশমিক তিন এক) শতক মায় তদস্থিত পুরানো **অসম্পূর্ন ভগ্নপ্রায় ৩৬ বৎসরের পুরাতন বসবাসের দ্বিতল পাকা বাড়ী** যাহার একতলের ছাদের মাপ ১০৮০ বর্গফুট এবং দ্বিতলের ছাদের মাপ ১০৮০ বর্গফুট ইতিমধ্যে দানকৃত ভূমির পরিমান ১/৫ x ১/৬ বা ১/৩০ অংশে ১২০.৭ বর্গফুট বা **০.২৭৭( দশমিক দুই সাত সাত) শতক** এবং দানকৃত গৃহাদির ছাদের পরিমান একতলে ১/৩০ অংশে **৩৬ বর্গফুট** এবং দ্বিতলে ১/৩০ অংশে **৩৬ বর্গফুট (মেঝে সিমেন্টের)**।

দানকৃত সমগ্র দাগের ভূমির বাহুর পরিমাপঃ-

| | | |
|---|---|---|
| উত্তর বাহু পূর্ব্ব পশ্চিমে | - | ৯০' ফুট |
| দক্ষিন বাহু পূর্ব্ব পশ্চিমে | - | ৮৯' ফুট |
| পূর্ব্ব বাহু উত্তর দক্ষিনে | - | ৪১'- ৫.৫" ইঞ্চি |
| পশ্চিম বাহু উত্তর দক্ষিনে | - | ৩৯' ফুট- ৫.৫" ইঞ্চি। |

দানকৃত দাগের সমগ্র ভূমির চৌহদ্দিঃ-

লাগাও উত্তরে - ২৯৬০ দাগের গৃহাদী

লাগাও দক্ষিনে - ২৯৬১ দাগের গৃহাদী

লাগাও পূর্বে - ২৯৬০ দাগের গৃহাদী

লাগাও পশ্চিমে- ২৯৫৯ দাগের পৌরসভার পীচ রাস্তা (১৪' ফুট চওড়া)

পৃ-৭

স্বত্ব রায়ত স্হিতিবান, খাজনা হারহারি মতে প্রদেয়।

জমিদারঃ- পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বীরভূম জেলা সমাহর্ত্তা, মোকাম ও পোষ্ট - সিউড়ী, জেলা - বীরভূম।

Drafted and Prepared by:

Raghunath Dutta

Advocate Bolpur Court,

Enrolment No.WB/458/97.

Typed by:-

Somnath Dalal

Nayekpara, Bolpur.

ইসাদি-

১। [illegible]

২। [illegible], Advocate. বোলপুর, বীরভূম

৩) [illegible] মণ্ডল [illegible]

দানপত্র গ্রহীতার ছবি ও দশ আঙ্গুলের টিপছাপ



বামহস্ত

ডানহস্ত

দানপত্র দাতার ছবি ও দশ আঙ্গুলের টিপছাপ



বামহস্ত

ডানহস্ত

**Government of West Bengal**
**Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue**
**Office of the A.D.S. R. BOLPUR, District- Birbhum**
**Signature / LTI Sheet of Serial No. 00639 / 2011, Deed No. (Book - I , 00727/2011)**

Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Smt. Eti Ash | ইতি আশ 4/2/11 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Smt. Eti Ash<br>Address -Durgapur B Jon Bidyapati Quater 18/31 Durgapur 5, Thana:-Durgapur, District:-Burdwan, WEST BENGAL, India, P.O. :-Durgapur | Self | <br>04/02/2011 | <br>LTI<br>04/02/2011 | ইতি আশ 4/2/11 |

**Name of Identifier of above Person(s)**
Karna Ash
Durgapur B Jon Bidyapati Quater 18/31 Durgapur 5, Thana:-Durgapur, District:-Burdwan, WEST BENGAL, India, P.O. :-Durgapur

**Signature of Identifier with Date**
কর্ণ আশ
4/2/11

(Tushar Kanti Mandal)
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A.D.S. R. BOLPUR